দৈনিক ইনকিলাব

তারিখ 30 APR 1989
পৃষ্ঠা 5 কলাম 1

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# শিক্ষাঙ্গনে

## চাঁদপুর কলেজের সমস্যা

চাঁদপুর সরকারী কলেজ কালের বিবর্তনে আজ নানা সমস্যায় জর্জরিত। ১৯৪৬ সালে প্রতিষ্ঠিত এ কলেজ জন্ম দিয়েছে দেশ বরেণ্য অনেক কৃতী সন্তানের। অথচ নিজেই আজ নানা প্রতিকূলতা নিয়ে দাঁড়িয়ে আছে নির্জীব হয়ে। দেশের নদীপথের এক গুরুত্বপূর্ণ স্থান চাঁদপুরে অবস্থিত এ কলেজটিকে অনেক দাবীর প্রেক্ষিতে ১৯৮০ সালে তৎকালীন সরকার জাতীয়করণের ঘোষণা দেন এবং এর যাবতীয় অসুবিধা দূর করার আশ্বাস দান করেন। জাতীয়করণের কাজটি যথাযথভাবে সম্পন্ন হলেও এর অন্যান্য সমস্যা এখনো রয়েই গেছে।

(ক) পরিবহন সমস্যা এখানে প্রকট। বর্তমান সরকারের একজন মাননীয় মন্ত্রী একটি বাস প্রদান করার অঙ্গীকার করলেও আজ পর্যন্ত তা মেলেনি। ফলে বিশেষ করে পূর্বাঞ্চলীয় ছাত্রদেরকে ট্রেনে করে বাঁদুর ঝোলা হয়ে আসতে হয় মেয়েদের অবস্থাও তথৈবচ।

(খ) শিক্ষক সংকট চাঁদপুর কলেজকে করে রেখেছে পক্ষাঘাতগ্রস্ত রোগীর ন্যায়। প্রয়োজনীয় শিক্ষক না থাকায় প্রায় প্রতিদিনই নিয়মিত ক্লাস ব্যাহত হচ্ছে। এমনকি কোন কোন বিষয়ে শিক্ষকের সংখ্যা একেবারে শূন্যের কোঠায়।

(গ) আবাসিক সমস্যার কারণে অনেক ছাত্রকে দূর-দূরান্তে লজিং থাকতে হয়। কলেজের প্রতিষ্ঠালগ্নে স্থাপিত ছাত্রাবাস দু'টির অবস্থা অত্যন্ত করুণ। জীর্ণশীর্ণ ছাত্রাবাস দু'টিতে বৃষ্টির পানি পড়ে মেঝ ভেসে যায়। অনেক দাবী সত্ত্বেও সংস্কারের কোন উদ্যোগ নেয়া হচ্ছে না। তাছাড়া নতুন প্রতিষ্ঠিত শেরে বাংলা হোটেল অর্ধনির্মিত অবস্থায় পড়ে থাকায় শ্যাওলা জমে ভরে রয়েছে।

(ঘ) লাইব্রেরী ওয়ার্কের জন্যে লাইব্রেরীতে বইয়ের সংখ্যা খুবই অপ্রতুল। সেখানে দৈনিক এবং সাপ্তাহিক পত্রিকাও নিয়মিত রাখা হয় না।

(ঙ) কমনরুমে চিত্তবিনোদনের জন্যে নেই খেলার সামগ্রী। এছাড়াও নেই কোনো ক্যাফেটরিয়া। ফলে ছাত্রদের কাছে অবসর সময় হয়ে ওঠে দুঃসহ।

(চ) শিক্ষক এবং কর্মচারীদের জন্য পর্যাপ্ত আবাসিক ব্যবস্থা না থাকায় অনেকেই বাসস্থান সমস্যায় ভুগছেন।

(ছ) সর্বোপরি ছাত্রদের দীর্ঘদিনের দাবী অনার্স কোর্স চালু না হওয়ায় তাদের মাঝে চলছে অসন্তোষ।

এমনিভাবে নানা সমস্যায় জর্জরিত চাঁদপুর সরকারী কলেজ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ একটু দৃষ্টি দিলেই এসব সমস্যার সমাধান সম্ভব।

—নজরুল ইসলাম ফারুক